

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২

নং- প্রকাশ এইচআরএমডিঃ৩১১৩০২৮(২০১৫-১৬)(শুল্কলা)/২০১৮-২০১৯/

তারিখঃ ২৪-০৬-২০১৯ খ্রি:

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ মঈন উদ্দীন, উপমহাব্যবস্থাপক(অবসরপ্রাপ্ত), বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা ইতোপূর্বে বিকেবি, খুলনা কর্পোরেট শাখা, খুলনায় উপমহাব্যবস্থাপক হিসাবে দায়িত্ব পালনকালে বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর শুল্কলা সম্পর্কিত ৩৮ (ক),(খ),(ঘ) ও (ঙ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদম্ভতা ও দুর্নীতিমূলক অপরাধের জন্য বিভাগীয় মামলা নং-৩৯/১৫-১৬ রঞ্জপূর্বক অত্র বিভাগের ২৫-০২-২০১৬ খ্রিৎ তারিখের প্রকাশ এইচ আর এম ডি : ০৩ : ০১ : ৩০২৮/২০১৫-১৬/২৩২৬ নম্বর স্মারক মুলে অভিযোগনামা জারী করা হয়েছিল। আপনি উহার জবাব দাখিল করেছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করেছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করেছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুমতিগ্রহণ বিষয়াদি বিচার বিশ্লেষণ করে আপনি জনাব মোঃ মঈন উদ্দীন, আপনাকে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগটি(অভিযোগ নং- ১) প্রমাণিত হিসেবে গণ্য করে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক গুরু দণ্ডে দণ্ডিত করার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করেন এবং উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে গুরুদণ্ড প্রদান করা হবে না-এ মর্মে অত্র বিভাগের বিগত ৩১-১২-২০১৮ খ্রিৎ তারিখের প্রকাশঃএইচআরএমডিঃ ৩১১৩০২৮(২০১৫-২০১৬)/২০১৮-২০১৯/১৯৫১ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণার মাধ্যমে চূড়ান্ত কারণ দর্শনোর নোটিশ জারী করা হয়েছিল;

০৪। যেহেতু আপনি জনাব মোঃ মঈন উদ্দীন ২৪-০১-২০১৯ খ্রিৎ তারিখে উক্ত চূড়ান্ত কারণ দর্শনোর নোটিশের জবাব দাখিল করেছেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার বিশ্লেষণ করে আপনার দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদম্ভতা ও দুর্নীতিমূলক অপরাধের দায়ে আপনাকে দোষী সাব্যস্ত করতঃ গুরুদণ্ড তথা আপনার প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হতে ৭০,০০,০০০/- (সত্তর লক্ষ) টাকা কর্তন করার সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৫। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ)(আ) প্রবিধি অনুসারে আপনি জনাব মোঃ মঈন উদ্দীন আপনার প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হতে ৭০,০০,০০০/- (সত্তর লক্ষ) টাকা কর্তন করার জন্য আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

স্বাক্ষরিত

(লুঁকুন নাহার নাজ)

উপ-মহাব্যবস্থাপক

জনাব মোঃ মঈন উদ্দীন (এম-১৭৯৪)

উপমহাব্যবস্থাপক(অবসরপ্রাপ্ত)

বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় কার্যালয়

খুলনা।

নং- প্রকাশ এইচআরএমডিঃ৩১১৩০২৮(২০১৫-১৬)(শুল্কলা)/২০১৮-২০১৯/

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ-

৭৫৭৭(৭)

তারিখঃ ২৪-০৬-২০১৯ খ্রিৎ

- ০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দণ্ড, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক(প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা। এতদসংগে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মোঃ মঈন উদ্দীন এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
০৫। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-১(অংশ-২), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করতঃ কর্মী সংক্রান্ত ঘোষণাটি তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো।
০৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-২(পেনশন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। ব্যাংক কর্তৃপক্ষের উপরোক্ত রায় এর মর্মান্যায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। উপ মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৮। উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। ব্যাংক কর্তৃপক্ষের উপরোক্ত রায় এর মর্মান্যায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৯। উপমহাব্যবস্থাপক, বিকেবি, খুলনা কর্পোরেট শাখা, খুলনা। অভিযোগ সংশ্লিষ্ট অনাদায়ী টাকা আদায়ের জন্য যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করার জন্য বিকেবি, খুলনা কর্পোরেট শাখাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
১০। মূলনথি /খন্দ নথি/ মহানথি।

২৪/০৬/২০১৯
(মোঃ আব্দুর রাউফ)
সহকারী মহাব্যবস্থাপক